



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বি.এস.সি/প্রশাসন/২০:০২/১৯৯৩ (অংশ-১৭)/৮-৭১

তারিখঃ ০২ আগস্ট, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশের পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল	গ্রেড	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না (তবে, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন)।
০১।	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	০১ (এক) পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।	অনূর্ধ্ব ৩০ বছর	১১,০০০/- - ২৬,৫২০/-	গ্রেড- ১৩	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসায় প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং খ) কম্পিউটারে দক্ষতা।	
০২।	গাড়ি চালক	০১ (এক)	অনূর্ধ্ব ৩০ বছর	৯,৩০০/- - ২২,৪২০/-	গ্রেড- ১৬	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) হালকা বা ভারী মোটরগাড়ী চালনায় বৈধ লাইসেন্স প্রাপ্ত; এবং গ) মোটরগাড়ী চালনায় অভিজ্ঞতা।	নোয়াখালী, লক্ষ্মীপুর, গাইবান্ধা, মানিকগঞ্জ, শরীয়তপুর, চাঁদপুর, গাজীপুর, যশোর, ঠাকুরগাঁও এবং বরিশাল।
০৩।	অফিস সহায়ক	০৫ (পাঁচ)	অনূর্ধ্ব ৩০ বছর	৮,২৫০/- - ২০,০১০/-	গ্রেড- ২০	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	পাবনা, কুড়িগ্রাম, মুন্সীগঞ্জ, ঝালকাঠি, কিশোরগঞ্জ, বরিশাল, শরীয়তপুর, কুমিল্লা, গাইবান্ধা, টাঙ্গাইল, যশোর, জামালপুর, কক্সবাজার, সিলেট, নরসিংদী, নোয়াখালী, মেহেরপুর, দিনাজপুর, নওগাঁ, ব্রাহ্মণবাড়িয়া, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, নারায়ণগঞ্জ, ঝিনাইদহ, খুলনা এবং ফরিদপুর।

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞান নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/২৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুত সিজিপিএ এর ক্ষেত্রেঃ

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদুর্ধ্ব	৩.৭৫ বা তদুর্ধ্ব	প্রথম শ্রেণি/বিভাগ
২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি/বিভাগ
১.৬৫ বা তদুর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদুর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয় শ্রেণি/বিভাগ

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক) আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আগামী ০৬ আগস্ট, ২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ২০ আগস্ট, ২০২০ তারিখ বাংলাদেশ সময় রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করতে পারবেন।

খ) প্রার্থীগণ www.sec.gov.bd এই ওয়েবসাইটে আবেদন পত্র পূরণের সিংক পাবেন।

গ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে ক্রমিক নং ০১ এ উল্লিখিত পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকা এবং ক্রমিক নং (০২-০৩) এ উল্লিখিত পদের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি বিকাশ/নগদ এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে প্রয়োজ্য ফি জমা প্রদান করতে হবে।

ঘ) ২০ আগস্ট, ২০২০ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। সরকারি বিধান মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এক্সিডেন্ট প্রমাণযোগ্য নয়।

ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়তশাসিত প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

চ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অকলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তথ্য ভুল প্রমাণিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোনো প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ছ) ১৬তম গ্রেড হতে ২০তম গ্রেডে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

জ) পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।

ঝ) লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জমা কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঞ) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ট) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ওয়েবসাইট www.sec.gov.bd- এ পাওয়া যাবে।

০২/০৮/২০২০
ইনজামুল হক

সহকারী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ফোনঃ +৮৮০৭৬০১০০৬০০ Ext. ১১৫০
ই-মেইলঃ injam@sec.gov.bd